# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপনের উপলক্ষ্যে সভার কার্যবিবরণী

আহবায়ক ঃ ড. নাসিম আহমেদ (যুগ্নসচিব) পরিচালক (প্রশাঃ ও অপাঃ) (অতিরিক্ত দায়িত্বে)
তারিখ ও সময় ঃ ০৩/০২/২০২০ইং সকাল ১১.০০ ঘটিকায়
স্থান ঃ বিআরটিসি সম্মেলন কক্ষ
উপস্থিতি ঃ পরিশিষ্ট (ক)

আহবায়ক উপস্থিতি সকলকে ধন্যবাদ জানিয়ে জাতির পিতার জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের লক্ষ্যে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমেই চেয়ারম্যান, বি.আর.টি.সি মহোদয় সভায় উপস্থিত থাকায় তাকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। বি.আর.টি.সি কর্তৃক গৃহীত কর্মসূচী ধারাবাহিক ভাবে উপস্থাপনের জন্য অত্র কার্যালয়ের জি.এম (হিসাব) কে অনুরোধ করেন। সভার কর্মসূচী পর্যায়ক্রমে আলোচনা করে এর সময়, বাস্তবায়নকারী, সম্ভাব্য ব্যয় নিয়ে আলোচনা হয়। জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটির সদস্যগন এবং ঢাকাস্থ ও পাশ্ববর্তী ডিপো/ইউনিট গুলোর প্রধানগন তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনার পর গৃহীত কর্মসূচী বাস্তবায়ন সম্পর্কে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা হয় ঃ-

| নং | **কর্মসূচীর নাম** | **আলোচনা/সিদ্ধান্ত** | **বাস্তবায়ন তারিখ** | **বাস্তবায়নকারী** |
|---|---|---|---|---|
| ১. | প্রধান কার্যালয়সহ সকল ডিপোতে সৌন্দর্য্যবর্ধন ও আলোকসজ্জার ব্যবস্থা করা এবং দোয়া মাহফিলের আয়োজন। | চেয়ারম্যন, বি.আর.টি.সি মহোদয় জানান সংশ্লিষ্ট মনিটরিং কমিটির নির্দেশনার আলোকে কর্মসূচী বাস্তবায়ন করতে হবে। এছাড়া অন্যান্য সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানগুলোর সাথে মিল রেখে কার্যক্রম গ্রহন করতে হবে। প্রধান কার্যালয়ের দোয়া মাহফিল ১৮/০৩/২০২০ বাদ যোহর করার সিদ্ধান্ত গৃহীত হয়। ১৭/০৩/২০২০ তারিখে বাদ যোহর বিভিন্ন ডিপোতে দোয়া মাহফিল এবং একই দিন বাদ আছর মতিঝিল বাস ডিপোতে দোয়া মাহফিল আয়োজন করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। | ১৭/০৩/২০<br>১৯/০৩/২০ | ডিজিএম (অডিট)<br>ম্যানেজার (প্রশাঃ)<br>হিসাব সহকারী (রমজান) |
| ২. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ। ধানমন্ডি ৩২ নম্বর ঢাকা। | বাংলাদেশ সচিবালয় হতে বর্নাঢ্য শোভাযাত্রা সহকারে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করা হবে। এতে বিআরটিসি একটি আলাদা ব্যানার তৈরী করবে। গাড়ীতে পানি/হালকা নাস্তার ব্যবস্থা করার বিষয় আলোচনা হয়। কর্মসূচীর সিদ্ধান্তগুলো সংশ্লিষ্ট মনিটরিং কমিটিকে অবহিত করার বিষয়ে চেয়ারম্যান বি.আর.টি.সি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ১৭/০৩/২০ | জিএম (প্রশাঃ)<br>ডিজিএম (অপাঃ)<br>সকল ডিপো ম্যানেজার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | বিআরটিসি মতিঝিল বাস ডিপো হতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর মাজার জিয়ারতের উদ্দেশ্যে ০২ টি বাসের ব্যবস্থা গ্রহন (টুঙ্গিপাড়া বঙ্গবন্ধু মাজার) | আহবায়ক মহোদয় জানান বিগত বছরগুলোতে ও অত্র প্রতিষ্ঠান বাস প্রদান করেছিল। এরই ধারাবাহিকতায় এবারেও নির্ধারিত দিন গুলোতে বাস প্রদান করা হবে। এ বিষয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও অধীনস্থ দপ্তর/সংস্থা হতে ৮০/৮৫ জন প্রতিনিধি টুঙ্গিপাড়ায় গমন করবেন। ঢাকায় কোন স্থান হতে যাত্রা শুরু করা হবে, পদ্মা নদী পারাপারে কি ব্যবস্থা হবে, ঢাকা থেকে মাওয়া এবং শিমুলিয়া হতে বঙ্গবন্ধুর মাজার ২টি গাড়ী থাকার বিষয় পরীক্ষা করে সংশ্লিষ্ট মনিটরিং কমিটি দ্রুত ব্যবস্থা গ্রহন করবেন মর্মে জানা যায়। এ বিষয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ যে সিদ্ধান্ত গ্রহন করবে তা পূর্নাঙ্গ বাস্তবায়ন করতে হবে মর্মে চেয়ারম্যান বি.আর.টি.সি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ২১/০৩/২০ | জিএম (হিসাব)<br>ডিজিএম (অপাঃ)<br>ডিজিএম (পিএন্ডএস)<br>সচিব, বিআরটিসি<br>ভাঃ ডিজিএম (CWS)<br>ম্যানেজার (মতিঝিল)<br>ম্যানেজার (মোহাম্মদপুর)<br>ম্যানেজার (বরিশাল)<br>ম্যানেজার (খুলনা) |
| ৪. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনী ও কর্মকান্ডের উপর আলোচনা সভা অনুষ্ঠান। | চেয়ারম্যান মহোদয় জানান সারাবছর বিভিন্ন কর্মসূচীর ধারাবাহিকতায় ১৭/০৬/২০২০ তারিখ বিআরটিসির জন্য নির্ধারিত হয়েছে। উক্ত কর্মসূচীতে মাননীয় মন্ত্রী মহোদয় এবং সচিব মহোদয় উপস্থিত থাকতে পারেন। তাই সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কর্মসূচীটি বাস্তবায়ন করা আবশ্যক। পরিচালক (কারিগরী) জানান উক্ত কর্মসূচীর সময় বর্ষাকাল থাকবে। উন্মুক্ত স্থানে না করে কোন অডিটরিয়াম ভাড়া করা যেতে পারে। পরবর্তীতে চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। | ১৭/০৬/২০ | জিএম (প্রশাঃ)<br>সচিব বিআরটিসি<br>ডিজিএম (অপাঃ)<br>ম্যানেজার (প্রশাঃ) |
| ৫. | সওজ প্রশিক্ষন কেন্দ্রে দিনব্যপী রক্তদান কর্মসূচীতে বিআরটিসির কর্মচারী/কর্মকর্তা/শ্রমিকদের অংশগ্রহন। | যারা রক্তদান কর্মসূচীতে অংশগ্রহন করবেন তাদের নামের তালিকা প্রস্তুত করে দ্রুত সংশ্লিষ্ট মনিটরিং কমিটিকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। ম্যানেজার (প্লানিং) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত নেওয়া হয়। | ১৮/০৪/২০ | ম্যানেজার (প্লানিং)<br>ডিজিএম (অপাঃ)<br>ঢাকার সকল ডিপো (ম্যানেজার) |
| ৬. | মুজিব বর্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতি ও জন্মশতবার্ষিকীত লোগো সম্বলিত খাম ব্যবহার। | এ বিষয়ে সড়ক পরিবহন ও মহসড়ক বিভাগ উদ্যোগ গ্রহন করেছে। সংশ্লিষ্ট মনিটরিং কমিটি গৃহীত কার্যক্রম অত্র প্রতিষ্ঠান প্রতিপালন করবে। | ১৭/০৩/২০ হতে ১৭/০৩/২১ | জিএম (প্রশাঃ)<br>ডিজিএম (অপাঃ)<br>ম্যানেজার (প্লানিং) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী ও কীর্তির উপর রচনা প্রতিযোগিতা | ইতোমধ্যে ৩ টি বিভাগের ছাত্র ছাত্রীদেরকে ভাগ করে বিষয় চূড়ান্ত করা হয়েছে বিষয়গুলো নিম্নরুপঃ- ষষ্ঠ শ্রেণী হতে অষ্টম শ্রেণী শিক্ষার্থীদের জন্য রচনার বিষয়বস্তু **"শৈশবে বঙ্গবন্ধু"** নবম শ্রেণী হতে দ্বাদশ শ্রেণী শিক্ষার্থীদের জন্য **বঙ্গবন্ধুর সংগ্রামী জীবন"** এবং তদুর্ধ্বদের জন্য **"বঙ্গবন্ধু ও বাংলাদেশ"**। প্রতি ডিপো নির্ধারিত বিষয়ের উপর রচনা প্রতিযোগীতা আয়োজন করে **১**ম স্থান অধিকারির নাম অত্র কার্যালয়ে প্রেরন করবেন। প্রধান কার্যালয়ের বাস্তবায়ন কমিটি প্রতি বিভাগে ০৬ জন ছাত্র ছাত্রী বাছাই করে তাদের নাম সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরন করবেন। | ৩০/০৯/২০ | জিএম (প্রশাঃ)<br>ডিজিএম (পিএন্ডএস)<br>ম্যানেজার (প্লানিং)<br>ম্যানেজার ট্রেনিং ইনিস্টিঃ (গাজীপুর)<br>সকল ডিপো ম্যানেজার |
| ৮. | বিআরটিসি'র দুটি বাস ঘোনাপাড়া হতে টুঙ্গীপাড়া বঙ্গবন্ধুর সমাধিস্থল পর্যন্ত দিনে ০৩ (তিন) বার বিনা ভাড়ায় যাত্রী পরিবহন এবং বাস ছাড়ার স্থান ও সময়সূচী জনসাধারনকে অবহিত করন (পত্রিকায় বিজ্ঞাপন ও উপর্যুক্ত স্থানে প্রদর্শন) | চেয়ারম্যান, বিআরটিসি মহোদয় অত্যন্ত গুরুত্বের সাথে কর্মসূচীটি বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি জানান আমাদের কার্যক্রম জেলা প্রশাসক, গোপালগঞ্জ কে অবহিত করতে হবে। পত্রিকায় বিজ্ঞপ্তি দেওয়ার ব্যবস্থা করতে হবে। ২টি গাড়ীর পাশাপাশি **১**টি রিজার্ভ গাড়ী রাখতে হবে। কোন ডিপো হতে গাড়ী নেয়া হবে তা দ্রুত সিদ্ধান্ত গ্রহন করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া বর্ণিত সেবা যাতে স্থানীয় টিভি স্ক্রল এ প্রচার হয় সে ব্যবস্থা করতে হবে। এ বিষয় পরিচালক (কারিগরী) জানান বর্নিত দিনগুলোতে বহু সংখ্যক মানুষ/লোক কে সেবা প্রদান করলাম তার হিসাব রাখা প্রয়োজন। | ১৭/০৩/২০ হতে ২৬/০৩/২০ | ডিজিএম (অপাঃ)<br>ডিপো ম্যানেজার (বরিশাল)<br>ডিপো ম্যানেজার (মতিঝিল)<br>ডিপো ম্যানেজার (খুলনা)<br>ডিপো ম্যানেজার ট্রেনিং ইনিস্টিটিউট (টুঙ্গিপাড়া) |
| ৯. | পর্যটক ও ছাত্র-ছাত্রীদের জন্য হ্রাসকৃত ভাড়ায় নভোথিয়েটার ও বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত যাদুঘর/দর্শনীয় স্থানসমূহ পদির্শন ও শিক্ষা সফরের জন্য বিআরটিসি বাস সার্ভিস চালু। বিষয়টি পত্রিকার মাধ্যমে প্রকাশ ও শিক্ষা মন্ত্রণালয়কে অবহিত করন। | বর্নিত কর্মসূচীর আলোচনায় জি.এম (হিসাব) জানান ছাত্রছাত্রী পরিবহনের পাশাপাশি দর্শনীয় স্থানে তারা বিনা টিকিটে প্রবেশাধিকার পাবে কি না তা নিশ্চিত হওয়া প্রয়োজন। সভাপতি মহোদয় বলেন পর্যটক ও ছাত্রছাত্রীদের দর্শনীয় স্থানগুলোতে সেবা প্রদান বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রনালয়কে পত্র দ্বারা অবহিত করতে হবে। ডি.জি.এম (পিএন্ডএস) এবং গাজীপুরে কেন্দ্রীয় ট্রেনিং ইনিস্টিটিউটের প্রধান সু-নিদিষ্ট স্কুল নির্বাচন করে ছাত্র-ছাত্রী পরিবহনে তাদের মতামত ব্যক্ত করেন। পত্রিকায় উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে ছাত্র-ছাত্রী সংগ্রহ করা সম্ভবপর হবেনা মর্মে সদস্যগন মতামত ব্যক্ত করেন। | ১৭/০৩/২০<br>২৬/০৩/২০<br>১৬/১২/২০<br>১০/০১/২১<br>১৭/০৩/২১ | ডিজিএম (অপাঃ)<br>ডিজিএম (পিএন্ড এস)<br>ম্যানেজার ট্রেনিং ইনিস্টিঃ (গাজীপুর)<br>ম্যানেজার (অপাঃ)<br>ঢাকাস্থ সকল ডিপো ম্যানেজার |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | "নিপীড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান" এবং **"বাংলাদেশকে জানতে বঙ্গবন্ধু শেখ মুজিব'কে জানো, বঙ্গবন্ধু শেখ মুজিব'কে জানতে বাংলাদেশকে জানো"** শ্লোগান দ্বয়ের বহুল প্রচার (সকল বাস ও ডিপোতে প্রদর্শন) | আলোচ্য কর্মসূচীটি মনিটরিং কমিটি ৫ এর তত্ত্বাবধানে রয়েছে। যতবেশি সংখ্যক সম্ভব বিআরটিসি বাসে আলোচ্য শ্লোগান সম্বলিত স্টিকার ব্যানার লাগানোর সিদ্ধান্ত নেওয়া হয়। এতে সচল প্রায় ১২০০ বাসে ৩´ x ২´ সাইজের ১২০০ x ২ = ২৪০০ ব্যানার লাগানোর সিদ্ধান্ত নেয়া হয়। বিভিন্ন সদস্য বিআরটিসি ট্রেনিং কার ও নতুন ট্রাকে ছোট আকারের ব্যানার লাগানোর কথা বলেন। এতে ৬০০ যানবাহনে ২´ x ১´ সাইজের ৬০০ x ২ = ১২০০ স্টিকার ব্যানার লাগানো যেতে পারে মর্মে আলোচনা হয়। | ১৭/০৩/২০ হতে ১৭/০৩/২১ | জিএম (হিসাব)<br>ডিজিএম (অপাঃ)<br>সচিব, বিআরটিসি<br>ম্যানেজার (ক্রয়)<br>সকল ডিপো ম্যানেজার |
| ১১ | বিআরটিসি'র সকল ডিপোতে জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত ব্যানার স্থাপন। | প্রতিটি ডিপোতে সুবিধাজনক স্থানে লোগো ও শ্লোগান সম্বলিত ব্যানার টাঙ্গানো হবে। প্রধান কার্যালয় হতে ব্যানারের নমুনা সরবরাহ করা হবে। সকল ডিপোতে একই ধরনের ব্যানার টাঙ্গানোর সিদ্ধান্ত গ্রহন করা হয়। ব্যানারের সাইজ ১০´ x ৪ হিসেবে নির্ধারন করা হয়। | ১৭/০৩/২০ হতে ১৭/০৩/২১ | ডিজিএম (অপাঃ)<br>ম্যানেজার (অপাঃ)<br>সকল ডিপো ম্যানেজার |
| ১২ | বঙ্গবন্ধুর উল্লেখযোগ্য কর্মকান্ডের উপর ১০-১৫ মিনিটের একটি ভিডিও ক্লিপ প্রস্তুত করা এবং LOC-2 এর আওতায় ভারত হতে সদ্য আমদানীকৃত ৬০০ টি বাসের মনিটরে এই ভিডিও প্রদর্শন করা। | চেয়ারম্যান বি.আর.টি.সি মহোদয় বলেন জাতির পিতার অবদান আমাদের সবাইকে শ্রদ্ধার সাথে স্মরন করা উচিত। আমাদের নতুন গাড়ী গুলোতে যদি ১০-১৫ মিনিটের একটি ভিডিও ক্লিপ তৈরী করে যাত্রীদের জন্য প্রচার করা হয় তবে এর মাধ্যমে সকল শ্রেনীর জনগন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান সম্পর্কে জানতে পারবে। এর মাধ্যমে জাতির পিতা এবং তার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী এর উন্নয়নমূলক কর্মকান্ড জনসাধারণের সম্মুখে তুলে ধরা হবে। | ১৭/০৩/২০ হতে ১৭/০৩/২১ | জিএম (হিসাব)<br>ডিজিএম (অপাঃ)<br>সচিব, বিআরটিসি<br>ম্যানেজার (ক্রয়) |
| ১৩ | বিআরটিসি'র বাসের বডিতে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কর্মকান্ড প্রদর্শন (অর্থ মন্ত্রণালয় হতে তহবিল প্রাপ্তি সাপেক্ষে) | বিআরটিসি'র ৭০টি বাসের বডিতে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কর্মকান্ড প্রদর্শনের বিষয়ে চেয়ারম্যান বি.আর.টি.সি মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। ইতোমধ্যে অর্থ বরাদ্দ চেয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরন করা হয়েছে। যদি বরাদ্দ না পাওয়া যায় তবে নিজস্ব তহবিল হতে ব্যয় সমন্বয় করা হবে। | ১৭/০৩/২০ হতে ১৭/০৩/২১ | জিএম (প্রশাঃ)<br>ডিজিএম (অপাঃ)<br>ডিজিএম (পিএন্ডএস)<br>সচিব, বিআরটিসি |

**বিবিধঃ-** এ বিষয়ে সদস্য সচিব, বাস্তবায়ন কমিটি বলেন যে, মতিঝিল বাস ডিপোর ম্যানেজার জনাব মোঃ নায়েব আলী বদলী হয়ে খুলনা বাস ডিপোতে আছেন। বর্তমানে জনাব জাহাঙ্গীর আলম মতিঝিল বাস ডিপোর দায়িত্বে রয়েছেন। মোঃ নায়েব আলী এর পরিবর্তে বর্তমান মতিঝিল বাস ডিপোর ম্যানেজার জনাব জাহাঙ্গীর আলম কে সদস্য হিসেবে অর্ন্তভূক্ত করা যায়। ম্যানেজার (সিডাব্লিউএস) জানান প্রধান কার্যালয়ের সম্মূখে একটি এল ই ডি মনিটর স্থাপন করা হলে বিভিন্ন ভিডিও ক্লিপ প্রচার করা যাবে। আহবায়ক মহোদয় এ বিষয়ে ডিজিএম (ওয়ার্কস) কে পরীক্ষাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ করেন। জিএম (কারিগরী) জানান, আমাদের ডাবলডেকার বাসে রুট ডিসপ্লেগুলোতে মুজিববর্ষ সংশ্লিষ্ট বিআরটিসি'র উন্নয়নমূলক টেক্সট বার্তা প্রচার করা যাবে। চেয়ারম্যান বি.আর.টি.সি মহোদয় এ উদ্যোগকে স্বাগত জানান এবং দ্রুত বাস্তবায়নে নির্দেশনা প্রদান করেন। এছাড়া বিভিন্ন সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে মুজিববর্ষ উপলক্ষে শ্লোগান প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে বিআরটিসি সুন্দর একটি শ্লোগান তৈরী করে প্রচার করা যায় কিনা সে বিষয়ে আলোচনা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত-
ড. নাসিম আহমেদ (যুগ্নসচিব)
পরিচালক (অর্থ ও হিসাব )
অতিরিক্ত দায়িত্বে, (প্রশাঃ ও অপাঃ)
এবং আহবায়ক,
জন্মশতবার্ষিকী উদযাপন বাস্তবায়ন কমিটি

**<u>অনুলিপি ও কার্যার্থে</u> (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। পরিচালক (প্রশাঃ ও অপাঃ)/(অর্থ ও হিসাব)/(কারিগরী) ,বিআরটিসি সদয় অবগতির জন্য ।
০২। জেনারেল ম্যানেজার (প্রশাঃ ও পার্সোঃ)/(হিসাব)/(কারিগরী) ,বিআরটিসি।
০৩। ডিজিএম/ভাঃ ডিজিএম (অপাঃ)/(পার্চেজ)/(পি এন্ড এস)/(ওয়ার্কস)/( অডিট), বিআরটিসি।
০৪। ম্যানেজার (এস্টেট)/(প্রশাঃ)/(অপাঃ)/(প্লানিং)/(কারিগরী),
০৫। ঢাকাস্থ সকল ডিপোর ম্যানেজার (অপাঃ)/ইউনিট প্রধান, কল্যাণপুর/মতিঝিল/জোয়ারসাহারা/
মিরপুর/গাবতলী/যাত্রাবাড়ী বাস ডিপো বিআরটিসি।
০৬। ম্যানেজার (অপাঃ)/ইউনিট প্রধা, গাজীপুর ট্রেনিং ইনিষ্টিটিউট/গাজীপুর/নরসিংদী/নারয়ণগঞ্জ বাস ডিপো।
০৭। পিএস-টু-চেয়ারম্যান, বিআরটিসি। চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য।
০৮। হিসাব অফিসার (পে-রোল), বিআরটিসি।
০৯। জনাব ঃ.......................................পদবী..................প্রধান কার্যালয়, বিআরটিসি।
১০। সভাপতি/সাধারণ সম্পাদক, বিআরটিসি শ্রমিক কর্মচারী লীগ (সিবিএ), পরিবহন ভবন, ঢাকা।
১১। অফিস কপি।